

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়
মাটিরাঙ্গা, খাগড়াছড়ি পার্বত্য জেলা



পত্র নং: ৩৩.০২.৪৬৭০.৫০১.৩৬.০০১.১৭- ৬৮

তারিখ: ১০/০৮/২০২১ খ্রি.


বিষয়: সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহনে সভার কার্যবিবরণী

সভাপতিঃ আরিফুর রহমান, উপজেলা মৎস্য কর্মকর্তা, মাটিরাঙ্গা
সভার তারিখ ও সময়ঃ ১০ আগস্ট ২০২১, সকাল ১১:০০ ঘটিকা
স্থানঃ উপজেলা মৎস্য কর্মকর্তার অফিস কক্ষ

সভাপতি উপস্থিত সকল অংশীজনকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। আজকের সভায় অংশগ্রহনের জন্য সকল অংশীজনকে উপজেলা মৎস্য কর্মকর্তা ধন্যবাদ জ্ঞাপন করেন। উপস্থিত অংশীজনের সাথে আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

ক্রমিক নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত
০১	প্রাতিষ্ঠানিক পুকুরে পোনামাছ অবমুক্তকরণ	মাটিরাঙ্গা ইউনিয়ন পরিষদের প্যানেল চেয়ারম্যান চন্দ্র কিরণ ত্রিপুরা বলেন যে প্রাতিষ্ঠানিক পুকুরে পোনামাছ অবমুক্তকরণের ক্ষেত্রে সঠিকভাবে যাচাই বাছাই করে প্রতিষ্ঠানের জলাশয় নির্বাচন করা প্রয়োজন এবং ইউনিয়ন পর্যায়ে সমহারে পোনামাছ বন্টন নিশ্চিত করা প্রয়োজন। এ ক্ষেত্রে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা মৎস্য কর্মকর্তাকে অনুরোধ করা হয়।	ইউনিয়ন পর্যায়ে সমহারে প্রতিষ্ঠানিক জলাশয় নির্বাচন ও বন্টনে সংশ্লিষ্ট কমিটির মিটিং এ বিষয়টি উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।
০২	জাতীয় মৎস্য সপ্তাহ ২০২১ উদযাপন	মৎস্যচাষী মোঃ ইদ্রিস মিয়া বলেন যে জাতীয় মৎস্য সপ্তাহ ২০২১ সফলভাবে উদযাপনের জন্য প্রাতিষ্ঠানিক মৎস্যচাষি, জেলে ও উদ্যোক্তাদের অংশগ্রহণ নিশ্চিত করা প্রয়োজন। এ উপলক্ষে বৈজ্ঞানিক পদ্ধতিতে মৎস্যচাষ ও মৎস্যআইন সম্পর্কে সচেতন করা প্রয়োজন।	জাতীয় মৎস্য সপ্তাহ ২০২১ সফলভাবে এবং স্বাস্থ্যবিধি মেনে উদযাপন করার জন্য উপস্থিত অংশীজনের সহযোগিতা কামনা করা হয়।

সভাপতি উপস্থিত সকল অংশীজনকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(আরিফুর রহমান)

উপজেলা মৎস্য কর্মকর্তা

মাটিরাঙ্গা, খাগড়াছড়ি পার্বত্য জেলা।

তারিখ: ১০/০৮/২০২১ খ্রি.


পত্র নং: ৩৩.০২.৪৬৭০.৫০১.৩৬.০০১.১৭- ৬৮

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)

১। জেলা মৎস্য কর্মকর্তা, খাগড়াছড়ি পার্বত্য জেলা।

২। জনাব.....।

৩। সংশ্লিষ্ট অফিস নথি।



উপজেলা মৎস্য কর্মকর্তা

মাটিরাঙ্গা, খাগড়াছড়ি পার্বত্য জেলা।